গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.১৩০০.০৪২.১৪.০১৯.১৭.৫২০

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **২০১৭-২০১৮ অর্থ বছরে চাঁদপুর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।**

সূত্রঃ চাঁদপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪২.১৩০০.১০২.১৭.০০৩.১৮.১১, তারিখঃ ১৬/১/২০১৮।

২০১৭-২০১৮ অর্থ বছরে চাঁদপুর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৪,৩০,৪৩,০০০/- (চার কোটি ত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকায় গৃহীত ২৬০টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৩, ২০, ১৬২, ২৩৪, ২৫২ ও ২৫৬ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৪,২২,৪৩,০০০/-(চার কোটি বাইশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকায় সংযুক্ত তালিকায় বর্ণিত ২৫৪টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো ঃ

শর্তসমূহঃ

১) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চাঁদপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে ;
৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
৬) নলকূপসমূহ বিভিন্ন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ সুপেয় পানির সুবিধা ভোগ করতে পারে এরুপ স্থানে স্থাপন করতে হবে;
৭) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে "জেলা পরিষদ চাঁদপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।
৮) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করতে হবে। ৪০%এর বেশি প্রকল্প পিআইসির (প্রকল্প বাস্তবায়ন কমিটির) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

২। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৩, ২৩৪ এ বর্ণিত প্রকল্প ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন সংক্রান্ত, ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২০, ১৬২, ২৫২, ২৫৬ এ বর্ণিত প্রকল্পসমূহ থানার পুকুরে বালি দ্বারা ভরাট এবং ব্যক্তির বাড়ির পুকুরের ঘাটলা নির্মাণ সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁদপুর।

অনুলিপি ঃ

১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।